

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি যে আপনি এবং আপনার প্রিয়জন নিরাপদ ও সুস্থ আছেন। আজ আমি আপনাদের স্কুল শুরু সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ আপডেট জানাতে লিখছি।

আপনারা জানেন যে, আমরা স্কুল ভবনগুলো পুনরায় খোলার জন্য বিগত কয়েক মাস ধরে আমরা প্রস্তুতি গ্রহণ করছি। সিটির সংক্রমণের নিম্ন হার বজায় রাখার কারণে দেশের একমাত্র বৃহৎ সিটি হিসেবে আমাদের শিক্ষার্থীদের সশরীরে শিক্ষার জন্য পুনরায় স্কুলে ফিরে আসায় স্বাগত জানাতে সক্ষম হবার জন্য, বিগত ছয় মাস যাবৎ আপনারা যা কিছু করেছেন সেজন্য আপনাদের সকলকে ধন্যবাদ।

COVID-19 সংক্রমণের হার হ্রাস করার জন্য প্রয়োজনীয় সবকিছু আপনারা যেমন করেছেন, আমরাও অঙ্গীকার করেছি যে আমরা আপনাদের স্বাস্থ্য ও সুরক্ষাকে প্রাধান্য দিব। আমরা উল্লিখিতগুলো করেছি – যথাযথ ভেন্টিলেশনের (বাতাস সরবরাহ) জন্য হাজার হাজার ক্লাসরুম পরীক্ষা; লক্ষ লক্ষ নাক-মুখের মুখোশ বিতরণ, হাত জীবাণুমুক্তকারকের (হ্যান্ড স্যানিটাইজার) বোতলসমূহ এবং বাক্স-বাক্স পরিষ্কারকরণ সামগ্রী, শিক্ষার্থী ও স্টাফদের জন্য তড়িৎ COVID-19 পরীক্ষার জন্য অগ্রাধিকার; যেকোনো সময় আমরা আমাদের স্কুলগুলোতে COVID-19 সংক্রমণ দেখতে পাব সেই মুহুর্তে দ্রুত পরীক্ষা, কোয়ারেন্টাইন (স্বৈচ্ছায় আলাদা বসবাস), এবং অনুসরণের নিয়ম-নীতি তৈরি; এবং আরো অনেক কিছু।

এই বছরের অধিক সামগ্রী, অধিক স্টাফ, অধিক স্থান, অধিক পরীক্ষণ, এবং অধিক প্রশিক্ষণের প্রয়োজন বিবেচনায় রেখে, আমরা যখন আমাদের বিল্ডিংগুলো খোলার কাছাকাছি যাচ্ছি তখন আমাদের অবশ্যই ঐ অঙ্গীকার অব্যাহতভাবে মেনে চলতে হবে। সেটা করতে, আমাদের স্কুল ক্যালেন্ডার সম্পর্কে কিছু নতুন আপডেট ঘোষণা করতে হবে।

সকল শিক্ষার্থীরা পূর্ণ-দিবস শিক্ষা নির্দেশনা শুরু করবে সোমবার, 21 সেপ্টেম্বর। স্কুল ভবনগুলো আমাদের শিক্ষার্থীদের মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের (সপ্তাহের কিছুদিন সশরীরে স্কুলে, এবং সপ্তাহের অন্য দিনগুলোতে বাড়িতে দূর থেকে বা রিমোটলি) জন্য পুনরায় খুলবে ধাপে ধাপে, নিচে বিস্তারিত রয়েছে। 2020-21 শিক্ষা বছরের হালনাগাদকৃত (আপডেট) ক্যালেন্ডার নিচে দেয়া হলো:

- যেসব শিক্ষার্থী পুরোপুরি দূর থেকে বা রিমোট প্রোগ্রামে এনরোল করেছে তারা সোমবার, 21 সেপ্টেম্বর শিক্ষা নির্দেশনা শুরু করবে।
- মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের (সপ্তাহের কিছুদিন সশরীরে স্কুলে, এবং সপ্তাহের বাকি দিনগুলোতে দূর থেকে বা রিমোটলি) শিক্ষার্থীরা নিচে দেয়া তারিখ অনুযায়ী তাদের সশরীরের শিক্ষা শুরু না হওয়া পর্যন্ত দূর থেকে (রিমোটলি) সোমবার, 21 সেপ্টেম্বর লেখাপড়া শুরু করবে। আপনার সন্তানের মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের জন্য কখন স্কুলে উপস্থিত হবে সেই সময়সূচি সংক্রান্ত কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন।

মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের শিক্ষার্থীরা যারা এনরোল করেছে:	সশরীরে শিক্ষা যেতারিখ শুরু হবে:
গ্রেড 3K এবং প্রি-K (যেকোন প্রকার/গ্রেড কার্টামোয়)	সোমবার 9/21
ডিস্ট্রিক্ট 75 (সকল গ্রেড)	সোমবার 9/21
<b>স্কুলের ধরণ অনুযায়ী:</b>	
উল্লিখিত এনরোলকৃত শিক্ষার্থীবৃন্দ • এলিমেন্টারি স্কুলসমূহ (K-5 এবং K-8) (এতে অন্তর্ভুক্ত K-8 স্কুলগুলোর 6-8 গ্রেডের শিক্ষার্থীবৃন্দ)	মঙ্গলবার 9/29
উল্লিখিত এনরোলকৃত শিক্ষার্থীবৃন্দ: • মিডল স্কুলসমূহ (6-8 গ্রেড) • হাই স্কুলসমূহ (9-12 গ্রেড) • সেকেন্ডারি স্কুলসমূহ (6-12 গ্রেড)	বৃহস্পতিবার 10/1



Department of  
Education

Chancellor Richard A. Carranza

• ট্রান্সফার স্কুল, অ্যাডাল্ট এডুকেশন, সাক্ষ্যকালীন স্কুল, অন্টারনেট লার্নিং সেন্টার	
স্বল্প প্রচলিত স্কুলের প্রকরণ/কাঠামোসমূহ	
• K-2 এবং K-3 স্কুলগুলোতে এনরোলকৃত শিক্ষার্থীবৃন্দ	মঙ্গলবার 9/29
• K-12 স্কুলগুলোতে এনরোলকৃত শিক্ষার্থীবৃন্দ	মঙ্গলবার 9/29

আমি জানি এটা শেষ-মুহুর্তে করা পরিবর্তন। একেবারে প্রথম থেকেই, এই সঙ্কট এত বেশি নমনীয়তা এবং আপনি ও আপনার সন্তানের কাছ থেকে এত বেশি ধৈর্য দাবি করেছে যে, এই বিশ্বব্যাপী সংক্রমণের চ্যালেঞ্জ ও অনিশ্চয়তা আপনি যেভাবে মোকাবিলা করেছেন তাতে আমি বিস্মিত। আমরা যেগুলো করছি সেগুলোর সবই আমাদের সিটির স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষার পাশাপাশি স্থিতিশীলতা ও নিশ্চয়তা প্রদানের চেষ্টা।

আপনাদের সন্তানদের ও এই সিটির প্রতি আপনারা যে অঙ্গীকার প্রদর্শন করেছে, সেজন্য আমি প্রতিদিন আপনাদের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। আপনাদের অনেকেই আমাদের বলেছে আপনাদের স্কুল কমিউনিটির সাথে পুনরায় সম্পৃক্ত হতে আপনার কতটা অধীর হয়ে আছে – আমি জানি, আমি নিজেও উদ্দীপ্ত হয়ে আছি। আমরা বিশ্বাস করি যে শিক্ষণ ও শেখার জন্য একটি দৃঢ়, নিরাপদ, ও সহায়ক পরিবেশ প্রদান নিশ্চিত করতে এই বাড়তি সময়টুকু সকল স্কুল ও সকল শিক্ষকগণকে একটি ভাল অবস্থানে থাকতে সহায়তা করবে।

আমি সবসময়ই বলছি যে নিউ ইয়র্ক সিটির বিশ্বের সবচেয়ে সেরা শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবার রয়েছে, এবং কোন কিছুই তা পরিবর্তন করতে পারবে না—তা যখন, যেখানে, এবং যেভাবেই আমরা শিক্ষা গ্রহণ করি না কেন।

আপনার যা করছেন তার সবকিছুর জন্য আপনাকে ধন্যবাদ।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন